

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণগ্রন্থাগার অধিদপ্তর
সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার
শাহবাগ, ঢাকা

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে গঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণ।

সভাপতি : জনাব হরেন্দ্রনাথ বসু, প্রিন্সিপাল লাইব্রেরিয়ান (উপপরিচালক), সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, শাহবাগ, ঢাকা।

তারিখ ও সময় : ২৭.১১.২০১৯ খ্রি: , বেলা ৩.০০ টা।

স্থান : প্রিন্সিপাল লাইব্রেরিয়ান (উপপরিচালক) এর অফিস কক্ষ।

সভায় সদস্যবৃন্দের উপস্থিতির তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।

সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে গঠিত নৈতিকতা কমিটির করণীয় বিষয়ে সভাপতি সদস্যগণের সাথে বিশদ আলোচনা করেন। নিম্নে আলোচনা ও সিদ্ধান্ত উল্লেখ করা হলো:

আলোচনা – ১: সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) তৈরি এবং ওয়েবসাইটে প্রকাশ ও প্রদর্শন।

সিদ্ধান্ত : সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) তৈরি এবং ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।

আলোচনা – ২: গণগ্রন্থাগার অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) হালনাগাদ করা।

সিদ্ধান্ত : মহাপরিচালক বদলি হওয়ায় নতুন মহাপরিচালকের নাম সিটিজেন চার্টারে অন্তর্ভুক্ত করতে হবে।


আলোচনা – ৩: শ্রেণি বিন্যাসকৃত নথি বিনষ্টকরণ। নথি বিনষ্টকরণ বিষয়ে প্রশিক্ষণের প্রয়োজন রয়েছে।

সিদ্ধান্ত : এ বিষয় প্রশাসন শাখাকে অবগত করতে হবে।

আলোচনা – ৪ : জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে গঠিত নৈতিকতা কমিটির কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন এর জন্য কমিটির সদস্য সচিব মনোনয়ন প্রয়োজন।

সিদ্ধান্ত : সদস্য সচিব নির্ধারণ নিমিত্ত নথি উপস্থাপন করতে হবে।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


০২/১১/১৯
(হরেন্দ্রনাথ বসু)


প্রিন্সিপাল লাইব্রেরিয়ান (উপপরিচালক)
সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার

নং-৪৩.২৬.০০০০.০০২.৩৮.৮২৪.১৯. ২৪১৫ (৮)

তারিখ: ০২/১২/২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতা অনুযায়ী নয়)

- ১। জনাব হরেন্দ্রনাথ বসু, প্রিন্সিপাল লাইব্রেরিয়ান (উপপরিচালক), সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ঢাকা।
- ২। জনাব এ.এইচ.এম. কামরুজ্জামান, লাইব্রেরিয়ান, সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ঢাকা।
- ৩। জনাব সোনিয়া চৌধুরী, লাইব্রেরিয়ান, সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ঢাকা।
- ৪। লাইব্রেরিয়ান (পরিসংখ্যান) গণগ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
- ৫। লাইব্রেরিয়ান/ সহকারী পরিচালক প্রশাসন ও হিসাব গণগ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
- ৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য) গণগ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
- ৭। পরিচালক (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত সহকারী (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য) গণগ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
- ৮। অফিস কপি।


০২/১২/১৯

(শাম্মী আকতার)

সহকারী লাইব্রেরিয়ান
সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার।